B.A./6th Sem (H)/BEN/23(CBCS)

# 2023

## 6th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : DSE 4-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### [রবীন্দ্রসাহিত্য পাঠ]

### বিভাগ-ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'সে' গল্প-গ্রন্থের প্রধান শ্রোতা কে? তার বয়স কত?

২। 'সে' গ্রন্থের 'সে'-র পরিচয় দাও।

৩। পাল্লারামের দিদি বাগান থেকে একঝুড়ি কী কী সামগ্রী সংগ্রহ করেছিল?

৪। "বিশ্বসুদ্ধ লোক তাকে জানে।" — কে, কাকে বলেছে? এখানে 'তাকে' বলতে কার কথা বলা হয়েছে?

৫। "আমার লেজ ফিরে দাও।" — কে, কাকে, কোন্ গল্পে বলেছে?

P.T.O.

৬। "ও যেন একটা বিকট চীৎকারের মতো।" — বক্তা কে? কার সম্পর্কে বলা হয়েছে?

৭। 'মুক্তধারা' নাটকের অনুবাদ কী নামে, কোথায়, কবে প্রকাশিত হয়েছিল?

৮। 'মুক্তধারা' নাটকের শিরোনাম প্রকাশের পূর্বে কী কী রাখা হয়েছিল লেখো।

৯। "অথচ বিভূতি পায় শিরোপা, আর সে গরিব না খেতে পেয়েই মারা গেল।" — কার কথা বলা হয়েছে? তার বাড়ি কোথায় ছিল?

১০। 'মুক্তধারা' নাটকে মোট কতগুলি গান ব্যবহৃত হয়েছে? ধনঞ্জয় বৈরাগীর কণ্ঠে মোট কতগুলি গান শোনা গেছে?

১১। 'স্বর্গ হইতে বিদায়' কবিতাটি কবে রচিত হয়? এই কবিতার মোট চরণের সংখ্যা লেখো।

১২। 'সোনার তরী' কবিতাটি কোথায় রচিত হয়? এই কবিতা প্রথম কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

১৩। "শাসন ছুটে আসে ঝটিকা তুলি।" — কোন্ কবিতার অংশ? কবিতাটির রচনাকাল লেখো। 'ঝটিকা' কথার অর্থ কী?

১৪। 'রূপ সাগরে ডুব দিয়েছি' কবিতার রচনাকাল ও রচনার স্থান লেখো।

১৫। 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটি কত মাত্রার কোন্ ছন্দে রচিত হয়েছে লেখো।

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। “এমন সময় একটা গুণ্ডাগোছের মানুষ একেবারে ঘরের মধ্যে উপস্থিত।” — মানুষটির পরিচয়সহ বর্ণনা দাও।

১৭। ‘সে’ গ্রন্থের ‘গেছো বাবা’ গল্পের রসগ্রাহী আলোচনা করো।

১৮। ‘মুক্তধারা’ নাটকের জনতা চরিত্রের মূল্যায়ন করো।

১৯। ‘মুক্তধারা’ নাটকের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

২০। ‘সোনার তরী’ কবিতার রূপকধর্মিতা আলোচনা করো।

২১। “আমি ঢালিব করুণা ধারা/আমি ভাঙিব পাষাণ কারা” — তাৎপর্য বিশ্লেষণ করো।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। ‘সে’ গ্রন্থের হাস্যরসের স্বরূপ আলোচনা করো।

২৩। রূপক-সাংকেতিক নাটক হিসেবে ‘মুক্তধারা’ নাটকের মূল্যায়ন করো।

২৪। ‘মুক্তধারা’ নাটকের অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও।

২৫। ‘সাধারণ মেয়ে’ ব্যর্থ প্রেমের আখ্যান হয়েই থেকেছে। — মন্তব্যটির সারবত্তা নির্ণয় করো।

---

P.T.O.

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। "এমন সময় একটা গুণ্ডাগোছের মানুষ একেবারে ঘরের মধ্যে উপস্থিত।" — মানুষটির পরিচয়সহ বর্ণনা দাও।

১৭। 'সে' গ্রন্থের 'গেছো বাবা' গল্পের রসগ্রাহী আলোচনা করো।

১৮। 'মুক্তধারা' নাটকের জনতা চরিত্রের মূল্যায়ন করো।

১৯। 'মুক্তধারা' নাটকের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

২০। 'সোনার তরী' কবিতার রূপকধর্মিতা আলোচনা করো।

২১। "আমি ঢালিব করুণা ধারা/আমি ভাঙিব পাষাণ কারা" — তাৎপর্য বিশ্লেষণ করো।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'সে' গ্রন্থের হাস্যরসের স্বরূপ আলোচনা করো।

২৩। রূপক-সাংকেতিক নাটক হিসেবে 'মুক্তধারা' নাটকের মূল্যায়ন করো।

২৪। 'মুক্তধারা' নাটকের অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও।

২৫। 'সাধারণ মেয়ে' ব্যর্থ প্রেমের আখ্যান হয়েই থেকেছে। — মন্তব্যটির সারবত্তা নির্ণয় করো।

---

P.T.O.

অথবা

## [উপন্যাস সাহিত্য পাঠ]

### বিভাগ-ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'পুতুল নাচের ইতিকথা'র প্রকাশকাল কত? উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

২। "শশীর চরিত্রে দুই সুস্পষ্ট ভাগ আছে।" — দুই ভাগ কী কী?

৩। বনবিহারী কে? সে কী কাজ করে?

৪। শশী ডাক্তারের হাসপাতালের প্রকৃত নাম কী? ম্যাজিস্ট্রেট শশীকে হাসপাতালের ফাণ্ডে কত টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন?

৫। 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসের ঐতিহাসিক তথ্য কার, কোন্ গ্রন্থ থেকে সংগৃহীত?

৬। 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসের রচনা শুরু হয় কবে? উপন্যাসটি প্রকাশিত হয় কবে?

৭। "পূজার পর গাওদিয়ার স্বাস্থ্য ক্রমে ক্রমে ভালো হয়।" — কীভাবে গাওদিয়ার স্বাস্থ্য ভালো হয়?

৮। 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসের মোট পর্ব ও উপপর্বের সংখ্যা লেখো।

৯। "দূরে তিনটি স্তম্ভাকার গিরিশৃঙ্গ।" — গিরিশৃঙ্গ তিনটির নাম কী কী?

১০। “আমি শুনেছি রামচন্দ্রের একটিই সীতা ছিল।” — কোন্ উপন্যাসে, কে, কাকে বলেছে?

১১। ‘টানা-পোড়েন’ প্রথম কবে প্রকাশিত হয়? এই উপন্যাসে কোন্ স্থানের মানুষের কথা আছে?

১২। “শালা, আমার সঙ্গে লাগতে আইচু, ত বরা মারা করে দিব।” — বক্তা কে? বক্তার স্ত্রীর নাম কী?

১৩। ‘পূর্ণিকাড়া’ কী?

১৪। “পাঁচু আবার সোনার দিকে দেখলো, তারপর একটু সুর মিশিয়ে ছড়া কাটলো।” — ছড়াটি লেখো।

১৫। রাজা দেবরায়ের স্ত্রীদের নামগুলি লেখো।

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। “যুক্তিবাদী মানিক ‘পুতুল নাচের ইতিকথা’য় নিয়তিবাদী হয়েছেন।” — দৃষ্টান্তসহ মন্তব্যটি আলোচনা করো।

১৭। ‘বাংলা উপন্যাসে প্রথম যথার্থ নিঃসঙ্গ নায়ক শশী।’ — ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাস অবলম্বনে মন্তব্যটি মূল্যায়ন করো।

১৮। ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসের নামকরণ যথাযথ হয়েছে কিনা লেখো।

১৯। ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসের মণিকঙ্কণার চরিত্র সংক্ষেপে লেখো।

P.T.O.

২০। 'টানা-পোড়েন' উপন্যাস অবলম্বনে পাঁচুর বড় মেয়ের বর্ণনা দাও।

২১। 'টানা-পোড়েন' উপন্যাসকে কী জাতীয় উপন্যাস বলা যুক্তিসঙ্গত লেখো।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। "পুতুল নাচের ইতিকথা মনস্তাত্ত্বিক উপন্যাস।" — মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা নির্ণয় করে এই উক্তির সারবত্তা বিচার করো।

২৩। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে উপকাহিনী সন্নিবেশের সার্থকতা বিচার করো।

২৪। 'টানা-পোড়েন' উপন্যাসের পাঁচু চরিত্রটি বিশ্লেষণ করো।

২৫। 'তুঙ্গভদ্রার তীরে' ঐতিহাসিক উপন্যাস হিসেবে কতখানি সার্থক আলোচনা করো।

অথবা

**[প্রকৃতিচেতনামূলক, জাতীয়তামূলক ও বিশ্বমানবতামূলক সাহিত্য পাঠ]**

**বিভাগ-ক**

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'আরণ্যক' উপন্যাস কাকে উৎসর্গ করা হয়েছিল? এই উপন্যাসে মোট কয়টি পরিচ্ছেদ রয়েছে?

২। নাটুয়া বালক ধাতুরিয়ার মৃতদেহ কোথায় পাওয়া যায়? তার মৃত্যু কীভাবে হয়েছিল বলে কাহিনীকথক অনুমান করেছেন?

৩। 'আরণ্যক' উপন্যাসে উল্লিখিত নাঢ়া বইহারের নতুন টোলাগুলির মধ্যে যে কোনো দুটির নাম লেখো।

৪। "অমন করুণ দৃশ্য কখনও দেখি নাই।" — 'আরণ্যক' উপন্যাসের কোন্ দৃশ্যের কথা বলা হয়েছে?

৫। 'টাঁড়বারো' কী? টাঁড়বারোর কথা প্রথম কে লেখককে বলেছিলেন?

৬। 'নবজাতক' কাব্যের দুটি অধ্যাত্মচেতনামূলক কবিতার নাম উল্লেখ করো।

৭। 'নবজাতক' কাব্যের অন্তর্গত দুটি মৃত্যুচেতনামূলক কবিতার শিরোনাম লেখো।

৮। 'নবজাতক' কাব্যের প্রকাশকাল লেখো। এই কাব্যের 'বুদ্ধভক্তি' কবিতার প্রথম চরণটি লেখো।

P.T.O.

৯। "আজি ফাল্গুনে দোল পূর্ণিমা রাত্রি," — কোন্ কবিতার অংশ? কবিতাটি কোথায় রচিত হয়েছিল?

১০। 'মংপু পাহাড়ে' কবিতায় উল্লিখিত একটি স্থানের নাম ও একটি নদীর নাম লেখো।

১১। 'নবজাতক' কাব্যের প্রথম ও শেষ কবিতার নাম লেখো। এই কাব্যের কবিতার সংখ্যা কয়টি?

১২। "পঞ্চভুজ সিন্ধুনদ বিরাজে পশ্চিমে;" — 'পঞ্চভুজ' বলতে কী বোঝানো হয়েছে?

১৩। "হায় রে, পুর্ব্বের রবি গিয়াছে পশ্চিমে!" — কার, কোন্ কাব্যের অন্তর্গত?

১৪। 'পলাশীর যুদ্ধ' কবে প্রকাশিত হয়? এই কাব্য কাকে উৎসর্গ করা হয়েছে?

১৫। 'পলাশীর যুদ্ধ' কয়টি 'সর্গে বিন্যস্ত? দ্বিতীয় সর্গের শিরোনাম কী?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। 'আরণ্যক' উপন্যাসে উল্লিখিত সরস্বতী কুণ্ডীর বনের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

১৭। 'আরণ্যক' উপন্যাসে সত্যচরণের চরিত্রের গুরুত্ব নির্দেশ করো।

১৮। 'নবজাতক' কাব্যের নাম কবিতার ওপর একটি রসগ্রাহী আলোচনা করো।

১৯। ‘নবজাতক’ কাব্যের ‘রাত্রি’ কবিতায় প্রতিফলিত দার্শনিক চেতনার স্বরূপ উদ্‌ঘাটন করো।

২০। ‘পলাশীর যুদ্ধ’ কাব্যের ছন্দরীতি সম্পর্কে সংক্ষেপে লেখো।

২১। ‘পলাশীর যুদ্ধ’ সম্পর্কে বঙ্কিমচন্দ্রের সমালোচনা নিজের ভাষায় লেখো।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। ‘শুধু প্রকৃতি নয়, একেবারে নিম্নবর্গীয় সমাজের প্রান্তিক মানুষদের জীবনচর্যার অসাধারণ আলেখ্য আরণ্যক উপন্যাস।’ — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

২৩। ‘আরণ্যক’ উপন্যাসে রাজু পাঁড়ে ও মটুকনাথ পাঁড়ে চরিত্র দুটি কতখানি সঙ্গতিপূর্ণ হয়েছে তা পর্যালোচনা করো।

২৪। ‘নবজাতক’ কাব্যে আধুনিকতার বৈশিষ্ট্যসমূহ কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো।

২৫। ‘পলাশীর যুদ্ধ’ কাব্য অবলম্বনে নবীনচন্দ্র সেনের স্বদেশ-চেতনার পরিচয় দাও।

---

P.T.O.

অথবা

## [বাংলা সাহিত্য এবং চিত্র, চলচ্চিত্র ও ক্রীড়া]

### বিভাগ-ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। কবে থেকে বাংলা সবাক চলচ্চিত্র প্রদর্শন শুরু হয়? চলচ্চিত্রটির নাম কী?

২। রবীন্দ্রনাথের পরিচালনায় 'নটীর পূজা' চলচ্চিত্র কবে, কোথায় মুক্তি পায়?

৩। 'পথের পাঁচালী' বাংলা চলচ্চিত্রের পরিচালক কে? এই চলচ্চিত্র কবে মুক্তি পেয়েছিল?

৪। বঙ্কিমচন্দ্রের প্রায় সমস্ত উপন্যাসের চলচ্চিত্রায়ণ করেছিলেন এমন দু'জন পরিচালকের নাম লেখো।

৫। রবীন্দ্রসাহিত্যের প্রথম চলচ্চিত্রায়ণ কার পরিচালনায়, কোন্ ছোটগল্প অবলম্বনে করা হয়েছিল?

৬। বাংলা সাহিত্যের দু'জন মহিলা ঔপন্যাসিকের নাম এবং তাঁদের রচিত একটি করে উপন্যাসের নাম লেখো যেগুলির চলচ্চিত্রায়ণ করা হয়েছে।

৭। 'সহজ পাঠ' কার লেখা? এই গ্রন্থের চিত্রগুলি কে অঙ্কন করেছিলেন?

৮। বাংলার লোকচিত্রকলার দুটি নিদর্শনের নাম লেখো।

৯। অবনীন্দ্রনাথ ঠাকুরকৃত বুদ্ধচরিতের ওপর আঁকা দুটি চিত্রের নাম লেখো।

১০। 'সে' গ্রন্থের ছবি কে অঙ্কন করেছিলেন? গ্রন্থটি কবে প্রকাশিত হয়?

১১। বাংলা ভাষায় ক্রীড়াসাহিত্যের সার্থক সাহিত্যিক কে? তাঁর রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

১২। দ্বিজেন্দ্রলাল রায়ের 'চন্দ্রগুপ্ত' নাটকখানি কবে, কী নামে চলচ্চিত্রায়িত হয়েছিল?

১৩। বাংলা চলচ্চিত্রে প্রথম রাজনৈতিক ব্যঙ্গমূলক ছবি কোনটি? এর চিত্রনাট্যকার কে ছিলেন?

১৪। যামিনী রায়ের আঁকা বিখ্যাত চারটি চিত্রের উল্লেখ করো।

১৫। মতি নন্দী রচিত দুটি ক্রীড়াবিষয়ক উপন্যাসের নাম লেখো।

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। বাংলা চলচ্চিত্র জগতে সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্রের অবদান আলোচনা করো।

১৭। চলচ্চিত্রের ভাষা ও সাহিত্যের ভাষার স্বরূপ সম্বন্ধে আলোচনা করো।

১৮। বাংলা নাটকের চলচ্চিত্রে রূপায়ণ বিষয়ে সংক্ষেপে লেখো।

১৯। বাংলা লোকসাহিত্য ও লোকক্রীড়া সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২০। বাংলা লোকচিত্রকলা পটচিত্র বিষয়ে আলোচনা করো।

২১। চিত্রশিল্পী রবীন্দ্রনাথ বিষয়ে সংক্ষিপ্ত পর্যালোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। বাংলা চলচ্চিত্রের উদ্ভব ও তার ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

২৩। বাংলা চলচ্চিত্রে শৈলজানন্দ মুখোপাধ্যায়ের কৃতিত্ব পর্যালোচনা করো।

২৪। বাংলা চিত্রশিল্প জগতে অবনীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার মূল্যায়ন করো।

২৫। বাংলা ক্রীড়াসাহিত্যে মতি নন্দীর কৃতিত্ব আলোচনা করো।

---